



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ চা বোর্ড  
প্রধান কার্যালয়  
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড  
নাসিরাবাদ, চট্টগ্রাম।  
www.teaboard.gov.bd

স্মারক নং ২৬.০৯.০০০০.১০১.৩১.২২৪.১৭-২৬৭

তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩০বাং  
১২ মার্চ ২০২৪খ্রি.

### অফিস আদেশ


বাণিজ্য মন্ত্রণালয়ের ০৪ মার্চ ২০২৪খ্রি. তারিখের ২৬.০০.০০০০.০৯০.৯৯.০০১.২০.৫৬ নং পত্র এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬ ডিসেম্বর ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮.৩৩৯ নং প্রজ্ঞাপন মোতাবেক সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়স্বত্বাধীন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ চা বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “টেকসই ও গুণগতমান সম্পন্ন চা উৎপাদনের লক্ষ্যে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় উপযুক্ত অভিযোজন কৌশল উন্নয়ন” শীর্ষক প্রকল্পের অধীনে বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (কীটতত্ত্ব বিভাগ) ড. মোহাম্মদ শামীম আল মামুন-কে ঢাকাস্থ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পোস্ট ডক্টরাল প্রোগ্রামে ভর্তি হয়ে উচ্চতর গবেষণার নিমিত্তে পোস্ট ডক্টরাল ফেলোশিপ অর্জনের জন্য ০১ মার্চ ২০২৪খ্রি. হতে ৩০ জুলাই ২০২৫খ্রি. পর্যন্ত ১৭ (সতের) মাসের শ্রেণণ নিম্নবর্ণিত শর্তে মঞ্জুর করা হয়েছে:

(ক) উক্ত পোস্ট ডক্টরাল ফেলোশিপ অর্জনের বিষয়ে বিটিআরআই তথা বাংলাদেশ চা বোর্ডের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না। তবে ‘টেকসই ও গুণগতমান সম্পন্ন চা উৎপাদনের লক্ষ্যে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় উপযুক্ত অভিযোজন কৌশল উন্নয়ন’ শীর্ষক প্রকল্প যাবতীয় ব্যয় বহন করবে;

(খ) বর্ণিত ডিগ্রীর জন্য সংশ্লিষ্ট কর্মজ্ঞতা এ বিষয়ে কোন অতিরিক্ত সুবিধা/পদবি/পোস্টিং ইত্যাদি দাবি করতে পারবেন না এবং কোর্স শেষে কর্মস্থলে যোগদান করবেন মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তাকে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে প্রতিজ্ঞা (Bond) দাখিল করতে হবে।

উপরে বর্ণিত (খ) শর্ত মোতাবেক তিনি প্রতিজ্ঞা (Bond) দাখিল করেছেন।

এমতাবস্থায়, ঢাকাস্থ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে পোস্ট ডক্টরাল প্রোগ্রামে ভর্তি হয়ে উচ্চতর গবেষণার নিমিত্ত পোস্ট ডক্টরাল ফেলোশিপ অর্জনের জন্য নির্ধারিত তারিখ হতে তিনি কর্মস্থল হতে অবমুক্ত হিসাবে গণ্য হবেন।

  
মোহাম্মাদ রুহুল আমীন  
সচিব(ভারপ্রাপ্ত)

ফোন: ০২৩৩৩৩৭৫০৬২

ই-মেইল: secretarybtb1@gmail.com

### বিতরণ:

- ১। পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ২। প্রকল্প পরিচালক, জলবায়ু পরিবর্তন প্রকল্প, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৩। ড. মোহাম্মদ শামীম আল মামুন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (কীটতত্ত্ব বিভাগ), বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
- ৫। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। পিএ টু সদস্য (অর্থ ও বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। অফিস কপি।